দৈনিক ইত্তেফাক

১৪/১১/২০০৫
তারিখ ...
পৃষ্ঠা ৪ কলাম ৪

# উপবৃত্তির অপব্যবহার রোধ করুন

বাংলাদেশ সরকার মেয়েদের উপবৃত্তির ব্যবস্থা করেছেন। শুধু তাই নয়, তাদের বেতনও মাফ করে দেয়া হয়েছে। এই উদ্যোগ নিঃসন্দেহে মহৎ। উপবৃত্তি ও বেতন মওকুফের আবার কিছু শর্ত রয়েছে। যেমন ছাত্রীদের নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত থাকতে হবে, যে কোন পরীক্ষায় কমপক্ষে ৪৫% নম্বর পেতে হবে, এসএসসি-র আগে মেয়ের বিয়ে দেয়া যাবে না, ইত্যাদি। কিন্তু দুঃখের বিষয় যে, অধিকাংশ ক্ষেত্রেই উল্লিখিত শর্তগুলো ঠিকমত মানা হচ্ছে না। ছাত্রীদের খাতায় ৪৫% নম্বর যেভাবেই হউক দেওয়া হইতেছে। এমনকি বিয়ের পর স্বামীর বাড়ী থেকেও ছাত্রী উপবৃত্তির টাকা তোলার অভিযোগ পাওয়া যায়। যেখানে মেয়েরা এই রকম সুযোগ পাচ্ছে সেখানে অনেক অভিভাবকই ছেলের চেয়ে মেয়েকে বিদ্যালয়ে পাঠাতে বেশী আগ্রহী। নারী-পুরুষের রাষ্ট্রের যে কোন সুযোগ-সুবিধায় সমান অধিকার। সেহেতু ছাত্রীদের উপবৃত্তির অপব্যবহার রোধের পাশাপাশি ছাত্রদেরও কমপক্ষে এসএসসি পর্যন্ত উপবৃত্তির ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

রেজাউল করিম,
লায়ন নজরুল ইসলাম কলেজ,
ভায়েটা, টাঙ্গাইল।